# ময়লা ইঁদুর

আমিনা শেলী



# সূচি


এ নেশা তোমাকে ছোঁয়ার ৯
চুম্বকে আলপিন ১১
সহবাস টিফিন ১৩
কাচের জানালা ১৫
মাঘের শীতে এসো ১৭
বীর্যনদী ১৯
স্পর্শই শেষ ফর্দ নয় ২১
আজন্মের অন্ধ ২৩
সমর্পণে বিশ্বাসী ২৫
নিঃসঙ্গ ব্ল্যাকবোড ২৭
তোমাকে দেখতে আসা ২৯
অনুভূতির একীকরণ ৩১
প্রেমের আবির্ভাব ৩৩
ঘুণপোকা ৩৫
সন্ধি ৩৭
তোমাকে দেখামাত্র ৩৯
এমন কি মানুষ আছে ৪১
মরীচিকাফুল ৪৩
ইমান–ঘর ৪৫
স্বর্গ ও সোনার ঘুড়ি ৪৭
সমুদ্রবিলাসী ৪৯
ভালোবাসার পুনরুত্থান ৫১
হৃদয়ের তার ৫৩
স্বর্গের উদাহরণ ৫৫
বাতাস প্রেমের গন্ধ ৫৭
গল্পের শুরুর মতো ৫৯
সম্ভাবনা ৬১
ভালোবাসা বজ্রপাত ৬৩
নেশাগ্রস্ত ৬৫
হৃদয় উজাড় হোক ৬৭
ইচ্ছা ৬৯
ভালোবাসা পারে যা ৭১
শরীরে ভোরের ক্ষুধা ৭৩
বিকিরণ ৭৫
রাতজাগা হও তুমি ৭৭
প্রেম দাও ৭৯
গহিন–রঙের কেশ ৮১
এ পদ্য শেষ হলে ৮৩
তুমি ৮৫
প্রেম হোক ৮৬
ইটাখোলা মোড়ে ৮৯
অশরীরী ৯১
নতুন শুরু ৯৩
আঙুলে দ্বিধার বান ৯৫
লবণের চাষ ৯৭
জল ৯৯
পরাজয় চাই ১০১
আশার জমিনে দুরমুশ ১০৩
একদিন নদী ছুঁয়ে যাবে ১০৫
পহেলা ১০৭
দুয়ারে মসজিদ ১০৯
চাঁদ ও জোছনার মতো ১১১
তোমার চুম্বন ১১৩
আমাদের চুম্বনমূলে ১১৫
গহিনে বাঘ ১১৭
মিলনের টঙে ১১৯
এ জীবন তোমার নামে ১২১
শব্দ–শিকারি ১২৩
কাগজের ফুল ১২৫
একত্রে রেহাই ১২৭

## এ নেশা তোমাকে ছোঁয়ার

এ নেশা তোমাকে ছোঁয়ার
গাঁজা কোকেইন ফেনসিডিল
কোনোকিছু মাতাল করে না এতটা

মাদকের চেয়ে বেশি টান
কেবল তোমাকে ঘিরে

ছুরির ধারের মতো তোমার আঙুল
দৈবাৎ দাগ টানে আমার ত্বকে।

## চুম্বকে আলপিন

আমার শরীর টানে তোমার আঙুল
চুম্বকে আলপিনের তোড়া

ভালোবাসা পাওয়া স্বাভাবিক, দেওয়া বিস্ময়
অনুভবে পৃথিবী জয়।

# সহবাস টিফিন

তোমাকে চিনেছি বরফের মাছ
তলপেট সাঁতরে ফেরো

গোপন ত্বকের কালো চিরে
রেখে যাও সহবাস টিফিন

দূর বনে হরিণী লিপ্সাকাতর।

## কাচের জানালা

যুদ্ধজয়ের আগে
একমুহূর্ত থেমে ভাবি
আমার আনন্দের চেয়ে বেশি প্রয়োজন
তোমাকে পার করা

কাচের জানালায় ওড়ে সাদা পতাকা।

## মাঘের শীতে এসো

পৌষের কুয়াশায় যদি পাওয়া যায় তোমাকে
লাঙলে আবাদ হবে আমার আরশ

ঠোঁটের চাওয়া জোড়াঠোঁট
জরায়ু খোঁজে ঔরস

মাঘের শীতে এসো
কাঁথার নকশির মতো লেপটে থাকো দেহে।